কার্যালয়

২নং ভুনবীর ইউনিয়ন পরিষদ

ডাক: সাতগাঁও, উপজেলা: শ্রীমঙ্গল, জেলা: মৌলভীবাজার।

স্মারক নং - তারিখঃ১৮/০১/২০২৩ইং

অদ্য ১৮/০১/২০২৩ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় অত্র ২নং ভূনবীর ইউপি কার্যালয়ে চেয়ারম্যান মো: আব্দুর রশীদ মহোদয় সভাপতিত্বে এক মাসিক সাধারন সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্য/সদস্যাবৃন্দঃ

ক্র:নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	মো: আব্দুর রশীদ	চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	মো: তাহির মিয়া	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৩	রাসেন্দ্র কুমার দেব	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৪	মো: আব্দুল ওয়াহিদ	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৫	মো: ছালেক মিয়া	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৬	মো: জসিম আহমেদ	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৭	মো: বেলাল আহমেদ	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৮	মো: নিয়াজ ইকবাল মাসুদ	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৯	মোহাম্মদ আলী	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১০	রঞ্জন বিশ্বাস	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১১	সবিতা ধর	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১২	হালিমা বেগম	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১৩	মোছা: মিনারা বেগম	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১৪	মোঃনাসির উদ্দিন ভুইয়া	সচিব	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বক্তব্য দেন। সভায় বিভিন্ন বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

১ম প্রস্তাবঃ অদ্যকার সভায় বিগত সভার কার্যাবলী পাঠ করে শুনানি হয় এবং তা সর্ব সম্মতি ক্রমে গৃহিত হয় ।

২য় প্রস্তাবঃ অদ্যকার সভায় বিগত মাসের হিসাব প্রকাশ করা হয় যা নিজস্ব ফান্ডে আয় ৩০২৭৫/= টাকা ব্যয় ২৮৭৩৪/= টাকা ও ব্যাংকে ১৮২১৬/= টাকা রহিয়াছে বলিয়া সচিব মোঃনাসির উদ্দিন ভুইয়া সাহেব জানান। এবং সমস্ত ভাউচার সবাইকে পড়িয়া শুনান কাহার কোন আপত্তি না থাকায় তা সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয় ।

৩য় প্রস্তাবঃ অদ্যকার সভায় জানানো হয় যে, জন্ম নিবন্দ্বন এর ফরম এ চেয়ারম্যান সাহেবের ভিবিন্ন ব্যস্ততার কারনে স্বাক্ষর করতে পারেন না। তাই জন দুর্ভোগ কমানোর জন্য সকল সদস্য বৃন্দকে ফরমে স্বাক্ষর দিলে তা দিয়েই সচিব সাহেব সনদ ইস্যু করবেন। কোন প্রকার সমস্যা হইলে তা সদস্যবৃন্দ দ্বায়ভার নিবেন। ইউ পি সচিব এই ব্যপারে কোন দ্বায় থাকিবেনা বলিয়া সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয় ।

৪ থ প্রস্তাবঃ অদ্যকার সভায় জানানো হয় যে,এলজিএসপি ২০২২-২০২৩ অর্থ বৎসরের বরাদ্দে জন্য ২ য় পর্যায়ের ওয়ার্ড সভা করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয় ।

৫ম প্রস্তাবঃ অদ্যকার সভায় সচিব মোঃনাসির উদ্দিন ভুইয়া জানান যে, অফিসে কোন কর্মচারী অফিস সময় ৯.০০-৪.০০ পর্যন্ত সময়ের ভিতরে আসেনা। সবাই যে যার ইচ্ছা মত অফিসে আসে যায়। তার প্রেক্ষিতে সকল কর্মচারীকে ডেকে সভায় আনা হয় এবং সময় মত অফিস করার জন্য তাগাদা দেওয়া হয়। কেউ কোন প্রকার ছুটি নিলে লিখিত ভাবে চেয়ারম্যান এর কাছ থেকে ছুটি নেওয়ার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয় ।

৬ ষ্ট প্রস্তাব: অদ্যকার সভায় জানানো হয় যে,মাতৃত্বভাতা প্রতি মাসে ১৩ টি করে জুলাই /২০২২-জানুয়ারী/২০২৩ইং পর্যন্ত ৯১টি বরাদ্ব পাওয়া গিয়াছে। তাহা সকল ওয়ার্ড থেকে অনলাইনে আবেদন করার জন্য বলা হয়। আবেদন কারীর বয়স ২০-৩৫ এর মধ্যে হতে হবে।

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

অনুলিপিঃ

১ । উপজেলা নির্বাহী কর্মকর্তা ,শ্রীমঙ্গল,মৌলভীবাজার।

(মো: আব্দুর রশীদ)

চেয়ারম্যান

২নং ভূনবীর ইউনিয়ন পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার।